দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... JAN. 22.2000..
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম ভার্সিটি সচল করার জন্য সকল মহলের সহযোগিতা কামনা

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্র-ছাত্রীর সুষ্ঠু শিক্ষা জীবন ও নিজেদের ভবিষ্যতের কথা মনে রাখিয়া সংযম ও সহযোগিতার মনোভাব পোষণ

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি সচল করার জন্য

(প্রথম পৃষ্ঠার পর)

করার জন্য সংশ্লিষ্ট সকল ছাত্র সংগঠনের প্রতি আহ্বান জানাইয়াছে। প্রশাসন শিক্ষক, অভিভাবক, রাজনীতিবিদ, সমাজের সকল স্তরের মানুষ ও সংশ্লিষ্ট সকল মহলের সার্বিক সহযোগিতা কামনা করিয়াছে। প্রশাসনের পক্ষ হইতে বলা হয় যে, শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ছাত্র সংগঠনসমূহের সহিত আলোচনার জন্য অধ্যাপক আবদুস সালামকে প্রধান করিয়া ৪ সদস্যের লিয়াজোঁ কমিটি গঠন করিয়াছে। গত ১৫ই জানুয়ারী হইতে ঈদুল ফিতরের ছুটির পর বিশ্ববিদ্যালয় খুলিয়াছে। ইতিমধ্যে বিভিন্ন হলে বেশ কিছু বৈধ ছাত্র-ছাত্রী উঠিয়াছে।

### শিক্ষক সমিতি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি গত বৃহস্পতিবার এক বিবৃতিতে গত ১৯শে ডিসেম্বর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুইজন ছাত্রের নিহত হওয়ার ঘটনায় গভীর শোক প্রকাশ করিয়া দায়ী ব্যক্তিদের গ্রেফতারের দাবী জানাইয়াছে। কিন্তু উক্ত ঘটনার পর বিশ্ববিদ্যালয়ে যে অচলাবস্থা চলিতেছে তাহাতে শিক্ষক সমিতি গভীর মর্মাহত। বিবৃতিতে অচলাবস্থা নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও রাষ্ট্রীয় প্রশাসনকে কার্যকর ভূমিকা পালনের আহবান জানান হয়। বিবৃতিতে বলা হয়, ইতিপূর্বে বিভিন্ন হত্যাকান্ড ও সন্ত্রাসী ঘটনার বিচার না হওয়ায় সন্ত্রাসী ঘটনার পুনরাবৃত্তি হইতেছে এবং বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি হইতেছে। বিবৃতিতে এ সকল সন্ত্রাসী কর্মকান্ডের ব্যাপারে অবিলম্বে একটি শ্বেতপত্র প্রকাশের জন্য কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানান হয়।